গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
চট্টগ্রাম কেন্দ্র।
www.gov.bd

নং ১৫.৫৪.১৫৪৩.০৪২.৪৩.০০১.২৪. ৯৩৩৯

তারিখঃ ১২ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২৮ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

## জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী

তারিখ : ২৩.১০.২০২৪
স্থান : সভাকক্ষ
সময় : বেলা ১২.০০টা
সভাপতি : মো: ঈমাম হোসাইন, জেনারেল ম্যানেজার (চ: দা:), বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র
সভায় উপস্থিতি : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর বিভিন্ন কার্যক্রম এবং গৃহীত বিভিন্ন কার্যক্রমের প্রমাণকসমূহ যথাযথভাবে সংরক্ষণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। অত:পর সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন) সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১. | নৈতিকতা কমিটির সভা আয়োজন | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৪-২৫ মোতাবেক নির্ধারিত সময়ে নৈতিকতা কমিটির সভা আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত:** কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতি প্রান্তিকে নৈতিকতা কমিটির সভা আয়োজন করতে হবে এবং সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নসহ প্রমাণক সংরক্ষণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| ০২. | প্রশিক্ষণ/সভা আয়োজন | বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ ও অংশীজনের সভা আয়োজনের বিষেয়ে জানানো হয়।<br>**সিদ্ধান্ত:** জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতি প্রান্তিকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত সভা ও কর্মকর্তা/ কর্মচারিদের সমন্বয়ে প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | নির্বাহী প্রযোজক/ সহকারী পরিচালক (প্রশাসন) |
| ০৩. | কর্ম-পরিবেশ উন্নয়ন | কর্মপরিবেশ উন্নয়নে পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রমসহ অন্যান্য সহায়ক কার্যক্রম বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত:** জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় কর্মপরিবেশ উন্নয়নে পরিচ্ছন্নতা কার্যক্রমসহ অন্যান্য সহায়ক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। এছাড়া প্রমাণকসমূহ যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। | সংশ্লিষ্ট শাখা প্রধান |

চলমান পাতা-০২

| ক্রঃ নং | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০৪. | ক্রয় সংক্রান্ত | বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের ২০২৪-২৫ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা অনুযায়ী বিভিন্ন ক্রয় কার্যক্রম বিষয়ে আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত:** ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী সংশ্লিষ্ট শাখা প্রান্তিক ভিত্তিতে ক্রয় কার্যক্রম গ্রহণ ও যথাসময়ে করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | কন্ট্রোলার/ইঞ্জিনিয়ারিং ম্যানেজার/<br>রক্ষণ প্রকৌশলী/<br>ঊর্ধ্বতন শিল্প নির্দেশক/<br>সহকারী পরিচালক (প্রশাসন)/<br>সহকারী পরিচালক (অর্থ) |
| ০৫. | সেবা গ্রহীতাদের মতামত সংরক্ষণ | ২০২৪-২৫ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় বিভিন্ন সেবা গ্রহীতাদের মতামত সংরক্ষণ বিষয়ে আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত:** বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রে সেবা গ্রহীতাদের মতামত সংরক্ষণ রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ উল্লেখপূর্বক রেজিস্টারটি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। | নির্বাহী প্রযোজক/<br>সহকারী পরিচালক (প্রশাসন) |

০২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮.১০.২০২৪

মো: ঈমাম হোসাইন
জেনারেল ম্যানেজার (চ: দা:)
ফোন: ০২৩৩৩৩৭৯৩০০ (অফিস)
E-mail: gmbtv.ctg@gmail.com

বিতরণ:

০১। নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ, বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র।
০২। উপস্থিত কর্মকর্তাবৃন্দ, বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র।
০৩। কার্যালয় নথি।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে

০১। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, রামপুরা, ঢাকা
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।